

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
পূর্ব ইউরোপ ও সিআইএস অনুবিভাগ  
ঢাকা

নং-১৯.০০.০০০০.৪৮৪.৫৭.৬০৫.২৪—২৮৮

তারিখঃ ০৬ জুন ২০২৪

প্রেরকঃ জি. এম. ইফতেখার  
সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ জনাব শাহ আহমেদ শফী  
অতিরিক্ত পররাষ্ট্র সচিব

বিষয়ঃ আগামী ১০-১৪ জুন ২০২৪ তারিখে বাংলাদেশ ও উজবেকিস্তান এবং বাংলাদেশ ও আজারবাইজানের মধ্যে ফরেন অফিস কনসাল্টেশনে অংশগ্রহণের জন্য জনাব শাহ আহমেদ শফী, অতিরিক্ত পররাষ্ট্র সচিব - এর সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ১০-১৪ জুন ২০২৪ তারিখে বাংলাদেশ ও উজবেকিস্তান এবং বাংলাদেশ ও আজারবাইজানের মধ্যে ফরেন অফিস কনসাল্টেশনে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবেঃ

ক) উপর্যুক্ত সভায় অংশগ্রহণকালে (ভ্রমণকাল, ট্রানজিটকালসহ) আপনি সরকারি কাজে কর্তব্যরত বলে গণ্য হবেন এবং বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) উপরিলিখিত সফরের ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে।

গ) উপর্যুক্ত সম্মেলনে যোগদানের জন্য আপনি আগামী ০৯ জুন ২০২৪ তারিখ অথবা নিকটবর্তী সময়ে উজবেকিস্তানের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং এবং ১২ জুন ২০২৪ তারিখ অথবা নিকটবর্তী সময়ে আজারবাইজানের উদ্দেশ্যে উজবেকিস্তান ত্যাগ করবেন। সফর শেষে আপনি ১৫ জুন ২০২৪ তারিখ অথবা নিকটবর্তী সময়ে ঢাকায় প্রত্যাগমন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,

 ০৬/০৬/২৪

(জি. এম. ইফতেখার)

সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)

ফোন- ০২২২৩৩৫০০০৮

ইমেইলঃ [aseencis@mofa.gov.bd](mailto:aseencis@mofa.gov.bd)

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

৪। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ/রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৫। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৬। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

৮। বাংলাদেশ দূতাবাস, আঙ্কারা/ইস্তাম্বুল।

৯। অফিস কপি।

(জি. এম. ইফতেখার)

সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)